**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
**সংখ্যা ৬২/২০১৮-১৯**
**ঢাকা, শুক্রবার ২৮ সেপ্টেম্বর ২০১৮, ১৩ আশ্বিন ১৪২৫**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সোনার বাংলা গড়তে হলে সোনার মানুষ চাই : রাষ্ট্রপতি

২। রোহিঙ্গাদের স্বদেশ প্রত্যাবর্তনে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টির জন্য
মুসলিম উম্মাহ্র প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৩। প্যারিস জলবায়ু চুক্তি মেনে চলার আহ্বান প্রধানমন্ত্রীর

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন আজ

৫। শেখ হাসিনা আবার প্রধানমন্ত্রী হবেন : বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান ও সংস্থা প্রধানদের আশাবাদ

৬। যুক্তরাষ্ট্র থেকে জরুরি ১৬ ই-ফাইল ছাড় করেছেন প্রধানমন্ত্রী

৭। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ভূমিকা রাখতে পারে আসেপ : ব্রাসেলসে স্পিকার

৮। নির্বাচন বানচালের সামর্থ্য কারও নেই : স্বাস্থ্যমন্ত্রী

৯। বাংলাদেশে নির্বাচিত সরকার দেখতে চায় ভারত : সেতুমন্ত্রী

১০। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস আজ

১১। যুদ্ধাপরাধীদের সম্পদ বাজেয়াপ্ত করা হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

১২। প্রাথমিক শিক্ষায় এডিবি'র ৪২০০ কোটি টাকা ঋণ অনুমোদন

১৩। বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

১। **সোনার বাংলা গড়তে হলে সোনার মানুষ চাই : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে প্রতিটি নাগরিককে সোনার মানুষ হতে হবে। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, প্রতিযোগিতার যুগে চাকরিসহ যে কোনো ক্ষেত্রে টিকে থাকতে ভালো করে পড়াশোনা করা ছাড়া বিকল্প নেই। গতকাল (২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার) মিঠামইন উপজেলা সদরে তাঁর পিতার নামে প্রতিষ্ঠিত হাজী তায়েবউদ্দিন স্কুলের সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

২। **রোহিঙ্গাদের স্বদেশ প্রত্যাবর্তনে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টির জন্য মুসলিম উম্মাহ্‌র প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের টেকসই স্বদেশ প্রত্যাবর্তনে অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে মিয়ানমারের ওপর চাপ বৃদ্ধির প্রচারণায় নেতৃত্ব দেওয়ার জন্য মুসলিম উম্মাহ্‌র প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল (২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার) জাতিসংঘ সদরদপ্তরে রোহিঙ্গা মুসলিম সংখ্যালঘুদের বিষয়ে ওআইসি কন্টাক্ট গ্রুপের সভায় বক্তব্য দানকালে এ আহ্বান জানান। সৌদি আরবের স্থায়ী মিশন এবং ওআইসি সচিবালয় যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, রোহিঙ্গা মুসলমানদের বিরুদ্ধে ব্যাপক মানবাধিকার লংঘনের ঘটনা মোকাবিলায় জাতিসংঘ সাধারণ পরিষদ ও মানবাধিকার কাউন্সিলের পাশাপাশি সংশ্লিষ্ট অন্য আন্তর্জাতিক সংস্থাসমূহসহ জাতিসংঘ ব্যবস্থাপনায় ওআইসি দেশগুলোর অব্যাহতভাবে জড়িত থাকার বিষয়ে বাংলাদেশ গুরুত্বারোপ করেছে। তিনি আরো বলেন, সর্বোপরি স্বল্পতম সময়ে আমাদের এ সমস্যার সমাধান করা আবশ্যক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫)।

৩। **প্যারিস জলবায়ু চুক্তি মেনে চলার আহ্বান প্রধানমন্ত্রীর**

জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষয়ক্ষতি নিরসনে প্যারিস চুক্তি মেনে চলতে বিশ্বের প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্বে জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশ সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশ। প্রায় ১৬ কোটি মানুষ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের কারণে মারাত্মক ঝুঁকিতে রয়েছে। স্থানীয় সময় গত ২৬ সেপ্টেম্বর বুধবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত প্যারিস চুক্তি সিওপি-২৪ বাস্তবায়ন সংক্রান্ত সদস্যদের উচ্চপর্যায়ের এক আলোচনা অনুষ্ঠানে এ আহ্বান জানান প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ২০২০ সাল পূর্ব উচ্চাভিলাষ এবং প্যারিস চুক্তি মেনে চলার মাধ্যমে জলবায়ু অর্থায়নের ওপর আলোচনায় গুরুত্ব দিতে পোল্যান্ডে এ বছরের শেষ নাগাদ অনুষ্ঠেয় সিওপি-২৪ এর সুযোগ কাজে লাগাতে জাতিসংঘের সদস্যভুক্ত দেশগুলোর প্রতি আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক (পৃ.১৯,ক.৩), সমকাল** (পৃ.১৫,ক.৮)। **নিউ নেশন** ( শেষ পৃ.,ক.৬)।

৪। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭২তম জন্মদিন আজ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বেগম ফজিলাতুন নেছা মুজিবের জ্যেষ্ঠ সন্তান শেখ হাসিনা ১৯৪৭ সালের এ দিনে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধু কন্যার এবারের জন্মদিন অসহায়, গরিব ও দুঃখী মানুষদের জন্য উৎসর্গ করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন শুধু জাতীয় নেতাই নন, তিনি আজ তৃতীয় বিশ্বের একজন বিচক্ষণ বিশ্বনেতা হিসেবে অবতীর্ণ হয়েছেন। যুদ্ধাপরাধীদের বিচার, জঙ্গিবাদ প্রতিরোধ, বঙ্গবন্ধুর খুনিদের বিচার, পার্বত্য শান্তিচুক্তি সম্পাদন, একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতি, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণসহ জাতীয় জীবনের বহুক্ষেত্রে তাঁর নেতৃত্বে অভাবনীয় সাফল্য এসেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৫। **শেখ হাসিনা আবার প্রধানমন্ত্রী হবেন : বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান ও সংস্থা প্রধানদের আশাবাদ**

বাংলাদেশের আগামী সাধারণ নির্বাচনে বিজয়ী হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার গঠন করবেন বলে দৃঢ় আশাপ্রকাশ করেছেন বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান ও আন্তর্জাতিক সংস্থাসমূহের প্রধানরা। স্থানীয় সময় গত ২৬ সেপ্টেম্বর বুধবার বিভিন্ন সময়ে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান ও আন্তর্জাতিক সংস্থার প্রধানরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে পৃথক বৈঠকে এ আশাবাদ ব্যক্ত করেন। বৈঠকের পর পররাষ্ট্র সচিব শহীদুল হক সাংবাদিকদের বলেন, সার্বিকভাবে সকলেই আশাপ্রকাশ করেছেন যে, বর্তমান সরকারের ধারাবাহিকতা বজায় থাকবে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের নেতৃত্বে বহাল থাকবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন গত বুধবার রাতে নিউইয়র্কের হোটেল গ্রান্ড হায়াতে অনুষ্ঠিত এ ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন। সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনের ফাঁকে প্রধানমন্ত্রী এদিন জাতিসংঘ সদরদপ্তরের দ্বিপাক্ষিক সভাকক্ষে

পৃথকভাবে এস্তোনিয়ার প্রেসিডেন্ট ক্রেস্টি কালিজুলেইদ, ইউএন হাইকমিশনার ফর রিফিউজিস (ইউএনএইচসিআর) ফিলিপ্পো গ্রান্দি, ইউনিসেফের নির্বাহী পরিচালক হেনেরিয়েটা ফোর, মিয়ানমার বিষয়ে জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূত ক্রিস্টিন শ্যার্নার বার্গেনার এবং ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্র ও নিরাপত্তা নীতিবিষয়ক উচ্চপদস্থ প্রতিনিধি ফেডেরিকা মঘেরনিনির সঙ্গে বৈঠক করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৬। **যুক্তরাষ্ট্র থেকে জরুরি ১৬ ই-ফাইল ছাড় করেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাধারণ পরিষদের অধিবেশনে যোগদান উপলক্ষে বর্তমানে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থানরত। সেখান থেকে এ পর্যন্ত তিনি ষোলটি জরুরি ফাইল ডিজিটালি ছাড় করেছেন। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব নজিবুর রহমান সাংবাদিকদের বলেন, নিউইয়র্কে কর্মব্যস্ততা সত্ত্বেও প্রধানমন্ত্রী ডিজিটালি তাঁর কার্যালয় চালাচ্ছেন এবং নিয়মিত ফাইল ছাড় করছেন। এর আগে তিনি তাঁর যুক্তরাষ্ট্রে অবস্থানকালে সকল গুরুত্বপূর্ণ ফাইল তাঁর কাছে পাঠিয়ে দেওয়ার নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.১৫,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৪)।

৭। **জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ভূমিকা রাখতে পারে আসেপ : ব্রাসেলসে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় এশিয়া-ইউরোপিয়ান পার্লামেন্টারি পার্টনারশিপ (আসেপ) একটি গুরুত্বপূর্ণ জোট, যেখানে এশিয়া ও ইউরোপের সংসদ সদস্যরা জলবায়ু পরিবর্তনের জটিল ও বিরূপ প্রভাবসমূহ তুলে ধরতে পারেন। এ জোট আলোচনার মাধ্যমে সমষ্টিগতভাবে তা প্রতিকারের উদ্ভাবনী বিষয়েও পরামর্শ দিতে পারে। গত ২৬ সেপ্টেম্বর বুধবার ব্রাসেলসে ইউরোপিয়ান পার্লামেন্টে দশম এশিয়া-ইউরোপিয়ান পার্লামেন্টারি অংশীদারিত্ব সভার উদ্বোধন অনুষ্ঠানের বক্তৃতায় স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১)।

৮। **নির্বাচন বানচালের সামর্থ্য কারও নেই : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, ওয়ান-ইলেভেনের কুশীলবরা আবারও ষড়যন্ত্রে মেতে উঠেছে। তারা নির্বাচন ভণ্ডুল করার পাঁয়তারা করছে। কিন্তু জনগণের শক্তির বিরুদ্ধে গিয়ে নির্বাচন বানচালের সামর্থ্য কারও নেই। গতকাল (২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার) কক্সবাজারের চকরিয়া উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স ৫০ থেকে ১০০ শয্যায় উন্নীতকরণের ভিত্তিপ্রস্তর স্থাপনশেষে স্থানীয় আওয়ামী লীগ আয়োজিত সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **প্রথম আলো** (পৃ.৪,ক.১)।

৯। **বাংলাদেশে নির্বাচিত সরকার দেখতে চায় ভারত : সেতুমন্ত্রী**

সেতুমন্ত্রী ওয়ায়দুল কাদের বলেছেন, বাংলাদেশে নির্বাচিত সরকার দেখার আশাবাদ ব্যক্ত করেছে ভারত। ভারতে যেমন নির্বাচন হয়, বাংলাদেশেও তারা তেমন নির্বাচন আশা করে। গতকাল (২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার) রাজধানীর এক হোটেলে বাংলাদেশ সফররত ভারতের শিল্প, বাণিজ্য ও বেসামরিক বিমান পরিবহণমন্ত্রী সুরেশ প্রভুর সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, সুরেশ প্রভু আশাপ্রকাশ করেছেন বাংলাদেশে একটি নির্বাচিত সরকার ক্ষমতায় আসুক। উন্নয়নের ধারা অব্যাহত থাকুক। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১)।

১০। **আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস আজ**

আজ (২৮ সেপ্টেম্বর শুক্রবার) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস। বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশেও সব ধরনের তথ্য জানার অধিকারের বিষয়ে জনসচেতনতা বাড়াতে দিবসটি পালন করা হবে। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে-'মুক্ত সমাজের জন্য উত্তম আইন : টেকসই উন্নয়নে তথ্যে অভিগমন'। দিবসটি পালনে বিভিন্ন সংগঠন সভা, সেমিনারসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করেছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। অবাধ তথ্য প্রবাহ এবং তথ্যে সার্বজনীন প্রবেশাধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি বছর ২৮ সেপ্টেম্বর বিশ্বব্যাপী 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস' পালিত হয়। দিবসটি পালনে তথ্য কমিশন ৩ দিনের কর্মসূচি হাতে নিয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫)।

১১। **যুদ্ধাপরাধীদের সম্পদ বাজেয়াপ্ত করা হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

আওয়ামী লীগ আবারও ক্ষমতায় গেলে যুদ্ধাপরাধীদের সম্পদ আইন করে বাজেয়াপ্ত করা হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। গতকাল (২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার) জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয়ে লোক প্রশাসন বিভাগের এক অনুষ্ঠানে যোগ দিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

**১২। প্রাথমিক শিক্ষায় এডিবি'র ৪২০০ কোটি টাকা ঋণ অনুমোদন**

বাংলাদেশের চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ৫০ কোটি মার্কিন ডলার অনুমোদন করেছে। ম্যানিলায় এডিবি'র পরিচালনা পর্ষদের বৈঠকে গতকাল (২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার) এ অনুমোদন দেওয়া হয়। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ দাঁড়ায় চার হাজার ২০০ কোটি টাকা। প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সব শিশুকে গুণগত শিক্ষা দিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ কর্মসূচি বাস্তবায়ন করবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **যুগান্তর** (পৃ.১৬,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৭)।

**১৩। বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলমান এশিয়া কাপ ক্রিকেটে পাকিস্তানকে হারিয়ে ফাইনালে ওঠায় বাংলাদেশ ক্রিকেট দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। সংযুক্ত আরব আমিরাতের আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে বাংলাদেশ ৬ জাতির এ টুর্নামেন্টে দুইবারের চ্যাম্পিয়ন পাকিস্তানকে ৩৭ রানে পরাজিত করে। বাংলাদেশ আজ দুবাইয়ে টুর্নামেন্টের ফাইনালে ভারতের মুখোমুখি হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** হালদা নদীরক্ষা কমিটি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হালদা গবেষণা ল্যাবরেটরি ও স্থানীয় মৎস্য বিভাগের সমন্বয়ে করা গবেষণা প্রতিবেদন বিবেচনায় নিয়ে হালদা নদীকে রক্ষায় সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করার সুপারিশ।

**খ.** **সংবাদ :** অপ্রাতিষ্ঠানিকখাতে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম বন্ধে শিশুশ্রমের আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি দরিদ্র শিশুদের জন্য শিক্ষা ও বিশেষ ভাতা চালুর আহ্বান।

**গ.** **জনকণ্ঠ :** জাতিসংঘ শান্তিসম্মেলনে আন্তর্জাতিক বিরোধ নিষ্পত্তি এবং সন্ত্রাসবাদের মতো ক্রমবর্ধমান বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় আরও সক্রিয় হতে বিশ্বনেতৃবৃন্দের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে আহ্বান জানিয়েছেন সে বিষয়ে আলোকপাত করা হয়েছে।

**ঘ.** **প্রথম আলো :** বাগেরহাটের মোংলা সমুদ্রবন্দর ও লালমনিরহাটের বুড়িমারী স্থলবন্দরের দুর্নীতি প্রতিহতে এসব স্থানে প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার সুপারিশ।

**ঙ.** **যুগান্তর :** চট্টগ্রাম মেডিকেল কলেজে চালু করা প্রথম বোন'স লাইব্রেরি মেডিকেল গবেষণায় ভালো ভূমিকা রাখবে ও অন্য মেডিকেলগুলোকেও তা অনুসরণে উদ্বুদ্ধ করবে বলে প্রত্যাশা।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ ও মুন্সিগঞ্জ এলাকায় রিয়েল এস্টেট ও হাউজিং কোম্পানিগুলো প্লট ও ফ্ল্যাট বুঝিয়ে দেওয়ার ক্ষেত্রে ক্রেতাদের সাথে যেভাবে প্রতারণা করছে তা তুলে ধরে সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলোকে প্রতারকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ ।

**ছ.** **ডেইলি সান :** অবৈধ মাদক ব্যবসায় নারীদের জড়িয়ে পড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে মাদক ব্যবসা প্রতিহতে জোরদার আইনি পদক্ষেপ গ্রহণের আহ্বান।

**জ.** **নিউজ টুডে :** চট্টগ্রাম সমুদ্রবন্দরে স্ক্যানার মেশিনের স্বল্পতা ও পর্যাপ্ত পোর্টাল মনিটরিং এর অভাবে চট্টগ্রাম বন্দরের নিরাপত্তায় ব্যাঘাত ঘটায় বন্দরের নিরাপত্তার বিষয়কে সর্বোচ্চ প্রাধান্য দেওয়ার সুপারিশ।

**ঝ.** **নিউ এজ :** আদম ব্যবসার দালালদের বৈধ আইনি কাঠামোর আওতায় আনতে ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড মাইগ্র্যান্ট অ্যাক্ট-২০১৩ এর সংশোধনের ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলার মানুষের প্রতি শেখ হাসিনার দরদ, এবং মমত্ববোধ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের চেতনা থেকে আহরিত।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'রাষ্ট্র বিনির্মাণের এক দার্শনিক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মানবতার এক উজ্জ্বল দৃষ্টান্ত বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিতাড়িত রোহিঙ্গা মুসলমানদের যেভাবে গ্রহণ করেছেন তা বিশ্ববাসীকে অবাক করে দিয়েছে।

#

শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা